কালের কণ্ঠ

বুধবার

১২ জুন ২০২৪। ২৯ জ্যৈষ্ঠ ১৪৩১
৫ জিলহজ ১৪৪৫

প্রধানমন্ত্রী শেখ হাসিনার কারামুক্তি দিবস উপলক্ষে গতকাল নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ে আয়োজিত সেমিনারে অংশ নেওয়া অতিথিরা। ছবি : কালের কণ্ঠ

North South University Library ★1992★

এনএসইউতে আলোচনা

শেখ হাসিনার মুক্তি দেশের অগ্রযাত্রার প্রথম ধাপ ছিল

বিশেষ প্রতিনিধি ▷

একজন সাধারণ বন্দিকে যে অবস্থায় রাখা যায় না, সেই অবস্থায় রাখা হয় দেশের সাবেক একজন প্রধানমন্ত্রীকে। যিনি তখন আওয়ামী লীগের মতো বৃহৎ একটি রাজনৈতিক দলের প্রধান। তবে বঙ্গবন্ধুকন্যা শেখ হাসিনার কারামুক্তির মাধ্যমে বাংলাদেশের ইতিহাসের নতুন অধ্যায় সূচিত হয়। এটি দেশের অগ্রযাত্রারও প্রথম ধাপ ছিল।

গতকাল মঙ্গলবার শেখ হাসিনার কারামুক্তি দিবস উপলক্ষে 'কারাগার থেকে কারামুক্তি : বঙ্গবন্ধু থেকে শেখ হাসিনা' শীর্ষক সেমিনারে বক্তারা এসব কথা বলেন। নর্থ সাউথ ইউনিভার্সিটি এবং বাংলাদেশ প্রগতিশীল কলামিস্ট ফোরামের আয়োজনে ইউনিভার্সিটির অডি-৮০১ হলে এই সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে প্রধান অতিথি ছিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনার শিক্ষা ও সংস্কৃতি বিষয়ক উপদেষ্টা ড. কামাল আবদুল নাসের চৌধুরী। মুখ্য আলোচক ছিলেন বাংলাদেশ প্রগতিশীল কলামিস্ট ফোরামের সভাপতি অধ্যাপক মীজানুর রহমান। বক্তব্য দেন নাজমা আক্তার এমপি, ফোরামের সহসভাপতি অধ্যাপক রাশিদ আসকারী ও বঙ্গবন্ধু গবেষক মো. আফিজুর রহমান। মূল প্রবন্ধ পাঠ করেন ফোরামের সাধারণ সম্পাদক অধ্যাপক মিল্টন বিশ্বাস।

সেমিনারে সভাপতিত্ব করেন নর্থ সাউথ ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক আতিকুল ইসলাম এবং পরিচালনা করেন ইউনিভার্সিটির মিডিয়া, কমিউনিকেশন অ্যান্ড জার্নালিজম বিভাগের শিক্ষক ও জনসংযোগ বিভাগের পরিচালক আসিফ বিন আলী।

ড. কামাল আবদুল নাসের চৌধুরী বলেন, 'ব্রিটিশরা বলেছিল এই উপমহাদেশে কাহিনি আছে, উপাখ্যান আছে, কিন্তু ইতিহাস নেই। এখন আমরা বলতে পারি, আমাদের ইতিহাস আছে। গৌরবের ইতিহাস, রাষ্ট্র গঠনের ইতিহাস। বঙ্গবন্ধু বাঙালিকে সেই জাতিরাষ্ট্র উপহার দিয়েছেন।'

অধ্যাপক মীজানুর রহমান বলেন, 'দেশবিরোধী সব অপশক্তির বিরুদ্ধে আমাদের সংগ্রাম চালিয়ে যেতে হবে, তাহলেই বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়ে উঠবে।'